# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

INS02-1/00034/2016/5409/৫৯২২৯ Date: ২২/০৬/২০২৩

প্রাপক ঃ অধ্যক্ষ
পলাশ শিল্পাঞ্চল সরকারি কলেজ
পলাশ, নরসিংদী।

বিষয় ঃ **স্নাতক (পাস ও সম্মান) শিক্ষাকার্যক্রমে অধিভুক্তি নবায়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট সভার অনুমোদন সাপেক্ষে কলেজের নিম্নোক্ত শিক্ষাকার্যক্রম ও বিষয়ের অধিভুক্তি নবায়নের মেয়াদ শর্তাধীনে বৃদ্ধি করা হলো:

| শিক্ষাকার্যক্রম | শিক্ষাবর্ষ | বিষয়সমূহ |
|---|---|---|
| বি.এ (পাস) | ২০২৩-২০২৪ হতে ২০২৫-২০২৬ | বাংলা, ইংরেজি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামি শিক্ষা, গার্হস্থ্য অর্থনীতি, মনোবিজ্ঞান এবং ভূগোল ও পরিবেশ |
| বি.এস.এস (পাস) | | সমাজবিজ্ঞান, অর্থনীতি এবং রাষ্ট্রবিজ্ঞান |
| বি.বি.এস (পাস) | | হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা এবং মার্কেটিং |
| বি.এসসি (পাস) | | পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, প্রাণিবিদ্যা এবং গণিত |
| স্নাতক (সম্মান) | ২০২৩-২০২৪ হতে ২০২৬-২০২৭ | সমাজবিজ্ঞান এবং ভূগোল |

পালনীয়শর্তাবলী ঃ

১। শিক্ষা প্রতিষ্ঠানে আনুষ্ঠানিকভাবে জাতীয় সংগীত পরিবেশন ও জাতীয় পতাকা উত্তোলন বাধ্যতামূলক করতে হবে।

২। **কোভিড-১৯ এর দুর্যোগপূর্ণ পরিস্থিতির কারণে ছাত্র-ছাত্রীদের জন্য অন-লাইন (Online) ভিত্তিক পাঠদানের ব্যবস্থা করতে হবে।**

৩। শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিতকরণে পরিস্কার-পরিচ্ছন্ন, স্বাস্থ্য সম্মত ও পরিবেশবান্ধব শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪। ছাত্র-ছাত্রীদের নিরাপদ সড়কের বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামূলক কার্যক্রম জোরদার করতে হবে।

৫। শিক্ষার সুষ্ঠুপরিবেশ নিশ্চিতকরণে যৌন নিপীড়ন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬। **অধিভুক্ত যে সকল বিষয়ে শিক্ষক সংখ্যাকাম্য পর্যায়ে নেই সে সকল বিষয়ে শিক্ষক পদায়ন/পদসৃষ্টি/খন্ডকালীন/অতিরিক্ত দায়িত্ব দিয়ে বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে।**

৭। অধিভুক্তি সংক্রান্ত সংশোধিত রেগুলেশন-২০১৯ এর আলোকে কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তিসহ অধিভুক্ত প্রতিটি বিষয়ে ন্যূনতম ০৭ (সাত) জন করে শিক্ষক কর্মরত থাকতে হবে এবং বিজ্ঞান বিষয়ে মানসম্মত ল্যাবরেটরী ও প্রদর্শক কর্মরত থাকতে হবে।

৮। সেমিনার লাইব্রেরীতে বিষয় ভিত্তিক মৌলিক বইয়ের সংখ্যা বৃদ্ধিসহ জাতীয় ও আন্তর্জাতিক মানের জার্নাল ক্রয় করতে হবে।

৯। নিয়মিত টিউটোরিয়াল ক্লাসের ব্যবস্থা করতে হবে এবং প্রতি শিক্ষাবর্ষে সংশ্লিষ্ট শিক্ষকদের দ্বারা পরীক্ষা গ্রহণ করে ফলাফলের রেকর্ড সংরক্ষণ করতে হবে।

১০। স্নাতক পাঠ্যসূচি অনুযায়ী প্রতি বিষয়ে কমপক্ষে দু'শত পুস্তক ও রেফারেন্স বুক সংগ্রহ করতে হবে এবং গ্রন্থাগার থেকে পুস্তক বিতরণের ব্যবস্থা করতে হবে।

১১। গবেষণাগারে প্রয়োজনীয় দ্রব্যাদি ও যন্ত্রপাতির সরবরাহ নিশ্চিত করতে হবে।

১২। প্রত্যেক শিক্ষাবর্ষ শেষে জাতীয় বিশ্ববিদ্যালয়ে বার্ষিক বিবরণী পাঠাতে হবে।

১৩। জাতীয় বিশ্ববিদ্যালয়ের পূর্বানুমতি ব্যতিরেকে কোন কোর্স/বিষয় প্রবর্তন করা যাবেনা।

১৪। অধিভুক্তি নবায়নের জন্য সংশ্লিষ্ট শিক্ষাবর্ষের কম পক্ষে ০৬ (ছয়) মাস পূর্বে ফিসহ নির্ধারিত ফরমে কলেজ পরিদর্শক বরাবর আবেদন করতে হবে।

আরোপিত শর্তাবলী যথাযথভাবে পূরণ করা হয়েছে কিনা সে সংক্রান্ত সকল তথ্যাবলী পরবর্তী অধিভুক্তি নবায়নের আবেদনের সাথে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

12.6.23
ফাহিমা সুলতানা
কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়
মোবাইল : ০১৭১১-৫৬৩৪০০
Date:

INS02-1/00034/2016/5409/
অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
২। পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৩। অফিস কপি।

12-6.23
কলেজ পরিদর্শক
জাতীয় বিশ্ববিদ্যালয়

F:\Wark-2015-I\Narsindhi\Affi-Ren-Let.doc